

## ২০১৬ শিক্ষাবর্ষে ঢাকা মহানগরীসহ জেলা সদরে অবস্থিত সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে Web ও SMS এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করার নিয়মাবলী :

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী <http://gsa.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরু তারিখ : ০১/১২/২০১৫
- ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১৩/১২/২০১৫

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে পরবর্তী ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে এসএমএস এ আবেদন ফি জমা দিতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ (অর্থাৎ ১৩/১২/২০১৫ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে শুধু User ID প্রাপ্ত শিক্ষার্থীগণ পরবর্তী ৪৮ ঘন্টা অর্থাৎ ১৫/১২/২০১৫ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

### **□ Web Application Form পূরণ এর নিয়মাবলী :**

- ১। <http://gsa.teletalk.com.bd> ওয়েবসাইটে browse করে আবেদনপত্র পূরণ করতে পারবেন।
- ২। Online আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন।
- ৩। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেট- এ নির্ধারিত স্থানে Upload করবেন।
- ৪। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID- সহ ছবিযুক্ত Applicant's copy পাবেন।
- ৫। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি পরীক্ষাসংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
- ৬। Online আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

### **□ SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী :**

১। Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বর হতে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১৫০/- টাকা পরবর্তী ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে জমা দিবেন।

২। প্রথম SMS : GSA<space>User ID(Web Application হতে প্রাপ্ত) লিখে send করতে হবে 16222 নম্বরে

উদাহরণ : GSA<space>ABCDEF লিখে send করতে হবে 16222 নম্বরে

\* ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় SMS- টি করতে হবে।

৩। দ্বিতীয় SMS : GSA<space>Yes<space>PIN (প্রথম SMS হতে প্রাপ্ত) লিখে send করতে হবে 16222 নম্বরে

উদাহরণ : GSA<space> Yes <space>123456 লিখে send করতে হবে 16222 নম্বরে

৪। সফলভাবে আবেদন ও আবেদন ফি প্রদান সম্পন্ন হলে দ্বিতীয় SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে <http://gsa.teletalk.com.bd> ওয়েব সাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

- ❖ এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **Online**-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না।
- ❖ স্কুল ভর্তি কার্যক্রম সম্পাদন ও এ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের জন্য অন্যের উপর নির্ভরশীল না হয়ে নিজেই প্রক্রিয়াটি সম্পন্ন করতে একটি টেলিটক প্রি-পেইড সীম সংরক্ষন করুন।
- ❖ **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষাসংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

#### ❑ User ID এবং PIN পুনরুদ্ধার পদ্ধতি :

কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

১। User ID জানা থাকলে GSA<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: GSA Help User ABCDEF & send to 16222

২। PIN Number জানা থাকলে GSA<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: GSA Help PIN 1234567 & send to 16222